দৈনিক ইনকিলাব

FEB 10 2002

তারিখ … পৃষ্ঠা … কলাম …

# উচ্চ মাধ্যমিক ছাত্রীদের উপবৃত্তি অনুমোদন
## ৬ মাসে ব্যয় হবে পৌনে ২১ কোটি টাকা

**সুলতান মাহমুদ** ॥ চলতি অর্থবছরের (২০০১-২০০২) শেষ ছ'মাসে উচ্চ মাধ্যমিক (এইচএসসি) পর্যায়ের ছাত্রীদের পৌনে ২১ কোটি টাকার উপবৃত্তি দেয়া হবে। বর্তমান সরকারের নির্বাচনী অঙ্গীকার রক্ষায় চারদলীয় জোট সরকারের প্রথম জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় এ সংক্রান্ত প্রকল্প অনুমোদন করা হয়েছে। একটি নির্দিষ্ট মানদণ্ডের ভিত্তিতে দেশের ৪৬৫টি গ্রামীণ উপজেলার ছাত্রীরা এই উপবৃত্তি পাবে। সম্পূর্ণ সরকারী অর্থে এই উপবৃত্তি দেয়া হবে। নারীসমাজের মর্যাদা বৃদ্ধি, সমাজের বিভিন্ন ক্ষেত্রে নারী-পুরুষ সমতা সৃষ্টি, উচ্চ মাধ্যমিক ছাত্রীদের অধিক হারে বিজ্ঞান শাখায় অধ্যয়নে এবং উচ্চ মাধ্যমিক স্তর পর্যন্ত অবিবাহিত থাকাতে উৎসাহিত করে জনসংখ্যা বৃদ্ধি রোধ এ প্রকল্পের অন্যতম লক্ষ্য।

সরকারী সিদ্ধান্ত অনুযায়ী চারটি মেট্রোপলিটন শহরের বাইরের (ঢাকা, খুলনা, চট্টগ্রাম ও রাজশাহী) ৪৬৫টি গ্রামীণ উপজেলার উচ্চ মাধ্যমিক পর্যায়ের অবিবাহিত ও নিয়মিত ছাত্রীদের (যারা এসএসসি পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ বা জিপিএ ২.৫ গ্রেড পেয়েছে) প্রতি মাসে ৬৫ টাকা হারে উপবৃত্তি দেয়া হবে। বেতন বাবদ সরকারী কলেজে প্রতি মাসে প্রতি ছাত্রীর জন্য ২০ টাকা এবং বেসরকারী কলেজে ৪০ টাকা হারে ভর্তুকি দেয়া হবে। একাদশ শ্রেণীতে অধ্যয়নরত প্রতি ছাত্রীকে বই কেনার জন্য সাড়ে তিনশ' টাকা দেয়া হবে। একাদশ শ্রেণীতে ন্যূনতম ৭৫

৪-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

## উপবৃত্তি-অনুমোদন

৮-এর পৃষ্ঠার পর

শতাংশ হাজিরা এবং অভ্যন্তরীণ পরীক্ষায় ৪৫ শতাংশ নম্বর পেয়ে যারা দ্বাদশ শ্রেণীতে ভর্তি হতে পারবে তাদের পরীক্ষা ফিস বাবদ বিজ্ঞান বিভাগের ক্ষেত্রে ছয়শ' টাকা এবং অন্যান্য বিভাগের ক্ষেত্রে চারশ' টাকা হারে এককালীন অনুদান দেয়া হবে।

উল্লেখ্য, আগামী জুন-২০০২ পর্যন্ত এই প্রকল্প পরীক্ষামূলকভাবে চলবে। এই ছয় মাসে অভিজ্ঞতার ভিত্তিতে পরবর্তী প্রকল্প গ্রহণ করা হবে। বছরে এই প্রকল্প বাস্তবায়নে ৪২ থেকে ৪৪ কোটি টাকা ব্যয় হবে বলে একনেক সভায় আলোচিত হয়েছে।

সভার আলোচনা অনুযায়ী সম্পদের অপ্রতুলতার কারণে মেট্রোপলিটন এলাকা প্রাথমিকভাবে এই প্রকল্পের আওতায় আনা সম্ভব হচ্ছে না। মানব উন্নয়নমূলক এ কার্যক্রমে বৈদেশিক সাহায্য পাওয়া গেলে মেট্রোপলিটন এলাকার ছাত্রীদেরও এ কার্যক্রমের আওতায় আনা হবে।